# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ চান্দনা গ্রামের রিনা। ভাগ্যের উপর নির্ভর করে বেঁচে আছে। শুধু রিনা নয় এ গ্রামের অধিকাংশ মানুষের মধ্যে নেই কোনো কর্মোদ্দীপনা। নেই কোনো উদ্যম, অস্বাস্থ্যকর পরিবেশ আর অশিক্ষা, কুশিক্ষায় জর্জরিত গ্রামটিতে স্থানীয় সম্পদ ব্যবহারের যথেষ্ট সুযোগ থাকা সত্ত্বেও দারিদ্র্যের কশাঘাতে মানুষের জীবন ওষ্ঠাগত। এ গ্রামে মূল্যবোধ, সামাজিক রীতি নেই বললেই চলে। এ অবস্থা চলতে থাকলে গ্রামের মানুষগুলো কখনোই নিজেদের উন্নয়নের মূল ধারায় নিয়ে আসতে পারবে না।

ক. ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার প্রদত্ত সমাজকর্মের সংজ্ঞাটি উল্লেখ করো। ১

খ. সমাজকর্মের দুইটি লক্ষ্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের রিনার মধ্যে সমাজকর্মের কোন দিকগুলো অনুপস্থিত ব্যাখ্যা করো। ৩

ঘ. রিনা এবং তার গ্রামবাসীদের উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসতে সমাজকর্ম শিক্ষার বিকল্প নেই। উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

**২.** ▶ অন্ধ হুমায়ুন মিয়া রাজধানী ঢাকায় পনের বছর ধরে ভিক্ষাবৃত্তি করে আসছেন। এরই মধ্যে তিনি ভিক্ষুকদের ছোটখাটো একটি দল তৈরি করেছেন। তার দলে শারীরিকভাবে পঙ্গু ছাড়াও সুস্থ স্বাভাবিক দুলাল মিয়া ও ভিক্ষা করছেন। বারো বছরের অসহায় পিন্টু বাবা-মা হারিয়ে বাধ্য হয়ে মজিদ মিয়ার ভিক্ষুক দলে যোগ দিয়েছে।

ক. দরিদ্র আইন ১৬০১ কে প্রণয়ন করেন? ১

খ. N.A.S.W গঠন করা হয়েছিল কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে হুমায়ুন মিয়ার ভিক্ষুক দলে এলাজাবেথীয় দরিদ্র আইনের কোন ধরনের ধারণা পাওয়া যায় বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দরিদ্রদের কল্যাণে এলিজাবেথীয় দরিদ্র আইন কতটা কার্যকর ছিল বলে তুমি মনে করো? যুক্তি উপস্থাপন করো। ৪

**৩.** ▶ নিজের ক্যারিয়ার গড়তে সুদূর লন্ডন পাড়ি জমিয়েছিল শফিকুল ইসলাম। সেখানে দুই বছরের ব্যারিস্টারি কোর্স সমাপ্ত করে ভালো বেতনে চাকরি পেয়েও ন্যায়বিচার প্রতিষ্ঠার স্বার্থে স্বদেশ ফিরে নিজেকে ওকালতিতে নিয়োজিত করেন জনাব শফিক। অন্যদিকে, তার ঘনিষ্ঠ বন্ধু শামীম রেজা ক্ষুদ্র ব্যবসা করে দেশের বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখছেন। উভয়ে জীবিকার তাগিদে কাজ করলেও তাদের কাজের মধ্যে রয়েছে বিস্তর পার্থক্য।

ক. শিল্পবিপ্লব কী? ১

খ. সমাজকর্ম মূল্যবোধ বলতে কী বোঝ? ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. উদ্দীপকে শফিকুল ইসলমের কাজটিকে পেশার মানদণ্ডে যাচাই করো। ৩

ঘ. শফিকুল ইসলাম ও শামীম রেজার কাম জনকল্যাণে করলেও শামীম রেজার কাজটি পেশা নয়—বিশ্লেষণ করো। ৪

**৪.** ▶ নাবিলার বিবাহ হয় অল্প বয়সে। স্বামী একজন শিক্ষিত সরকারি কর্মকর্তা। স্বামীর আগ্রহে বিয়ের পর তিনি লেখাপড়া চালিয়ে যান। স্বামীর মৃত্যুর পর সে ছাত্রীদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন। নারীদের অধিকার রক্ষায় তিনি ছিলেন সোচ্চার। তার মতো নারীদের কথা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

ক. দানশীলতা কী? ১

খ. এতিমখানার গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের নাবিলার সাথে পাঠ্যবইয়ে কার সাদৃশ্য রয়েছে? তার অবদান মূল্যায়ন করো। ৩

ঘ. উক্ত নারী ছিলেন নারী জাগরণের অগ্রদূত—উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৫.** ▶ মুক্তা ও মনিকা সমাজবিজ্ঞান ও সমাজকর্মের সম্পর্ক নিয়ে কথা বলছিল। মনিকা মুক্তাকে বলে, সমাজকর্ম ও সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় এক এবং অভিন্ন এবং সমাজবিজ্ঞান সমাজকর্মের জ্ঞানের অন্যতম উৎস। মুক্তা ও মনিকা এ বিষয়ে একমত পোষণ করে এবং বলে উভয় বিজ্ঞানের কেন্দ্রবিন্দু মানুষ এবং উভয়ের লক্ষ্য এক এবং অভিন্ন।

ক. সমাজবিজ্ঞানের ৩টি শাখার নাম লেখ। ১

খ. পৌরনীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উভয়ের কথায় দুটি বিষয়ের মধ্যে কোন ধরনের সম্পর্ক লক্ষ করা যায়। ৩

ঘ. 'উভয় বিজ্ঞানের কেন্দ্রবিন্দু মানুষ এবং উভয়ের লক্ষ্য এক এবং অভিন্ন' উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৬.** ▶ মিনু নাটোর সরকারি কলেজে লেখাপড়া করছিল। কলেজে পড়াশোনার করতে করতে তার এক সহপাঠীর সাথে তার সম্পর্ক গড়ে উটে। এক পর্যায়ে পরিবারের ইচ্ছায় বিয়ে হয়। বিয়ের কিছুদিন পর তাদের মনোমালিন্য দেখা দেয় এবং বিবাহ বিচ্ছেদ ঘটে। এ অবস্থায় মিনু সামাজিকভাবে অসহায় হয়ে পড়ে। সে তখন তার পরিবারের কাছে ফিরে যেতে আকুল হয়ে ওঠে। এজন্য মিনু একজন সমাজকর্মীর শরণাপন্ন হয়।

ক. কত সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম বিভাগ চালু করা হয়? ১

খ. বাংলাদেশের সমাজকর্মের প্রয়োগক্ষেত্রগুলো লেখ। ২

গ. সমাজকর্মী মিনুর সমস্যা সমাধানে সমাজকর্মের কোন পদ্ধতির প্রয়োগ করতে পারেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পদ্ধতির সাধারণ নীতিমালাগুলো অনুসরণ মিনুর সমস্যার কার্যকরী সমাধানে অপরিহার্য-মতামত দাও। ৪

Teachingbd.com

৭. ▶ভিয়েতনামের লি.পে নামের একজন সমাজকর্মী অটিস্টিক শিশুদের জন্য একটি শিশুপল্লি গড়ে তোলেন। এ সকল শিশুদের কারুপণ্য তৈরির প্রশিক্ষণ দেয়া হয়। বিভিন্ন কারুপণ্য তৈরি করে শিশুদের আত্মবিশ্বাস বেড়ে যায় এবং তারা সাধারণ শিশুদের সারিতে দাঁড়াতে শেখে।

ক. সমাজকর্ম পদ্ধতি কয়টি? ১

খ. সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. লি.পে কোন সমাজকর্ম পদ্ধতির মাধ্যমে অটিস্টিক শিশুদের সমস্যা সমাধান করেছেন। ব্যাখ্যা করো। ৩

ঘ. সমস্যা সমাধানের জন্য লি.পে এর পদ্ধতিই একমাত্র মৌলিক পদ্ধতি নয়- বিশ্লেষণ করো। ৪

৮. ▶ব্যবসায়ী সফিক রেহমান তার ব্যবসায় ক্ষেত্রের চিহ্নিত সমস্যাবলি দূরীকরণের জন্য একটি কমিটি গঠন করে কিছু দায়িত্ববান বিজ্ঞ লোককে এসব সমস্যা সমাধানের উপায় নির্ধারণের দায়িত্ব প্রদান করে। কমিটি ব্যবসায়ে নানাদিক বিশ্লেষণ করে একটি খসড়া রিপোর্ট প্রদান করেন মানেজিং ডিরেক্টর হিসেবে শফিক রেহমান উক্ত রিপোর্টটি অনুমোদন করেন এবং তা বাস্তবায়নের নির্দেশ দেন।

ক. কত সালে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়? ১

খ. জাতীয় শিক্ষানীতিতে নারী শিক্ষার ওপর জোর দেওয়া হয়েছে কেন? ২

গ. সফিক রেহমানের ব্যবসায়িক প্রতিষ্ঠানের উল্লিখিত কার্যক্রমের সাথে সামাজিক নীতির কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কিছু সাদৃশ্য থাকলেই উদ্দীপকের বিষয়টিতে উক্ত দিকটির পূর্ণ প্রতিফলন ঘটেনি উক্তিটির যথার্থ নিরূপণ করো। ৪

৯. ▶আশরাফুলের জীবনের লক্ষ্য সমাজের উন্নয়নে নিজেকে নিবেদিত করা। উচ্চ মাধ্যমিক পাস করে তিনি সমাজকর্ম বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করেন। নিজ এলাকার দরিদ্রদের উন্নয়নে আশরাফুল বদ্ধপরিকর। এলাকার উন্নয়নের প্রতিবন্ধকতার মূলে রয়েছে শিক্ষা, স্বাস্থ্য, নারী উন্নয়ন একথা তিনি ভালোভাবে উপলব্ধি করেছেন। তিনি অর্জিত জ্ঞানকে কাজে লাগাতে চান। তিনি সমাজকর্ম পেশার অনুশীলনের সম্ভাব্য ক্ষেত্র খুঁজে বের করলেন। কাজ শুরু করলেন এবং পদে পদে নানা বাধার সম্মুখীন হলেন।

ক. কত শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে 'সমাজকল্যাণ কলেজ ও গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। ১

খ. পেশাদার সমাজকর্ম বিকাশে যুক্তরাষ্ট্রের যেকোনো দুটির সংস্থার অবদান ব্যাখ্যা করো। ২

গ. 'আশরাফুলের চিহ্নিত ক্ষেত্রই এদেশের সমাজকর্ম অনুশীলনের জন্য সম্ভাবনাময়' বিশ্লেষণ করো। ৩

ঘ. সমাজকর্ম অনুশীলনে আশরাফুল যেসব বাধার সম্মুখীন হয়েছেন তা উত্তরণের উপায়গুলো চিহ্নিত করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **শিল্প বিপ্লবের প্রভাবে সৃষ্ট সমস্যা মোকাবেলায় কোনটির উদ্ভব ঘটেছে?**
ক অর্থনীতি খ সমাজবিজ্ঞান
গ সমাজকল্যাণ ঘ পৌরনীতি

২. **বাংলাদেশে সমাজকর্ম পাঠের প্রয়োজনীয়তা হলো—**
i. সামাজিক সমস্যা প্রতিরোধের জন্য
ii. সমাজ কাঠামোর পরিবর্তনের জন্য
iii. সামাজিক সমস্যা নিয়ন্ত্রণের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. **হাসান এমন একটি পেশায় নিয়োজিত, যা সমস্যাগ্রস্ত মানুষকে তাদের সমস্যা সমাধানে সক্ষম করে তোলে। হাসানের পেশা হিসেবে সমর্থনযোগ্য কোনটি?**
ক সাংবাদিকতা খ চিকিৎসা
গ আইন ঘ সমাজকর্ম

৪. **কোন আইনের মাধ্যমে ইংল্যান্ডে সর্বপ্রথম সার্বিকভাবে অসহায়, দুস্থ ও দরিদ্রের প্রতি সরকারের দায়িত্ব স্বীকার করে নেয়া হয়?**
ক ১৫৯৭ সালের দরিদ্র আইন
খ ১৬০১ সালের দরিদ্র আইন
গ ১৮৩৪ সালের দরিদ্র আইন
ঘ ১৯০৫ সালের দরিদ্র আইন

৫. **NASW প্রতিষ্ঠিত হয় কত সালে?**
ক ১৯১৮ খ ১৯৪০
গ ১৯৫৫ ঘ ১৯৫৭

৬. **বিভারিজ রিপোর্টের ভিত্তিতে ইংল্যান্ডে যে সকল আইন প্রণীত হয়—**
i. ১৯৪৫ সালের পারিবারিক ভাতা আইন
ii. ১৯৪৬ সালের জাতীয় বিমা আইন
iii. ১৯৪৬ স্বাস্থ্যসেবা আইন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **কৃষিভিত্তিক উৎপাদন ব্যবস্থা থেকে শিল্প ভিত্তিক উৎপাদন ব্যবস্থায় পরিবর্তনের প্রক্রিয়াকে কী নামে অভিহিত করা হয়?**
ক কৃষি বিপ্লব খ সবুজ বিপ্লব
গ শিল্প বিপ্লব ঘ ফরাসি বিপ্লব

৮. **সমাজকর্ম কোন ধরনের পেশা?**
ক সাহায্যকারী খ সামাজিক
গ প্রায়োগিক ঘ তাত্ত্বিক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
পিরুজালী গ্রামের হঠাৎ একজন যুবক খুন হয়। হত্যার কারণসহ নানা বিষয় জানতে সেখানে এমন একজন ব্যক্তি উপস্থিত হলেন, যার পেশায় সাহসিকতার পরিচয় দিতে হয়। তিনি জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ঘটনা ও তথ্যাবলি জনগণের সামনে উপস্থাপন করেন। এ ধরনের পেশায় নিয়োজিত ব্যক্তির সাথে সমাজকর্মীদের পেশাগত সুসম্পর্ক প্রতিষ্ঠিত হয়।

৯. **উদ্দীপকে কোন পেশার প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
ক আইন খ সাংবাদিকতা
গ পুলিশ ঘ গোয়েন্দা

১০. **সমাজকর্মীদের সাথে এ পেশায় নিয়োজিত ব্যক্তিদের সুসম্পর্ক প্রতিষ্ঠিত হওয়ার কারণ হলো—**
i. মানুষের কল্যাণে নিয়োজিত
ii. সমাজকর্মীদের কাজে সহায়তা করে
iii. সত্য ঘটনা সবার সামনে তুলে ধরে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **'বিধবা বিবাহ প্রবর্তন আমার জীবনের প্রধান সৎকর্ম'— উক্তিটি কার?**
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ রাজা রামমোহন রায় গ স্বামী বিবেকানন্দ
ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১২. **বাংলা কত সালে ছিয়াত্তরের মন্বন্তর হয়?**
ক ১১৭৬ খ ১২৭৬
গ ১৩৭৬ ঘ ১৭৭৬

১৩. **দেবোত্তর কোন ধর্মের প্রথা?**
ক শিখ খ বৌদ্ধ
গ হিন্দু ঘ খ্রিস্টান

১৪. **বাংলার নারী জাগরণের অগ্রদূত কে?**
ক বেগম মুন্নুজান খ বেগম রোকেয়া
গ সুফিয়া কামাল ঘ বেগম সামসুন্নাহার

১৫. **সমাজবিজ্ঞানের জনক বলা হয় কাকে?**
ক এমিল ডুর্খেইম খ ম্যাক্সওয়েবার
গ ডারউইন ঘ অগাস্ট কোঁৎ

১৬. **নাদিরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমন একটি বিষয়ে অধ্যয়ন করে, যা মানুষের আচরণ ও মানসিক ক্রিয়া কলাপ নিয়ে আলোচনা করে।— উক্ত বিষয়টি কী?**
ক সমাজবিজ্ঞান খ নৃ-বিজ্ঞান
গ মনোবিজ্ঞান ঘ সমাজকর্ম

১৭. **পেশাদার সমাজকর্ম এর উদ্ভবের যথার্থ কারণ কী?**
ক রেনেসাঁ খ নগরায়ণ
গ শহরায়ন ঘ শিল্প বিপ্লব

১৮. **'সমাজকর্ম ও চিকিৎসা পেশা পরস্পর সম্পর্কযুক্ত।'— এর যথার্থ কারণ হলো—**
i. উভয়ের উদ্দেশ্য মানুষের কল্যাণ করা
ii. মানসিক চিকিৎসায় উভয়েরই ভূমিকা স্বীকৃত
iii. মানুষের সকল সমস্যার সমাধান করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৯. **নিচের কোনটিকে কেন্দ্র করে ব্যক্তি সমাজকর্ম পদ্ধতি গড়ে উঠে?**
ক ব্যক্তি খ সমস্যাগ্রস্ত ব্যক্তি
গ সমস্যাগ্রস্ত দল ঘ পরিবার

২০. **সমাজকর্মী ও সাহায্যার্থীর সম্পর্ককে কী বলে?**
ক Principle খ Code of Ethices
গ Rapport ঘ Process

Teachingbd.com

২১. কোন ধরনের দলকে 'We group' বলে?
ক) প্রাথমিক দল  খ) পরোক্ষ দল
গ) অন্তর্দল  ঘ) বহির্দল

২২. বাংলাদেশে বেকারত্ব ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ার কারণ হলো—
i. পর্যাপ্ত কর্মসংস্থানের অভাব
ii. বৃত্তিমূলক শিক্ষার অভাব
iii. পর্যাপ্ত বিনিয়োগের অভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:
সূচি সমাজকর্মের শিক্ষার্থী। তাদের গ্রামে বাল্যবিবাহ বেড়ে যাওয়ায় সে তার কয়েকজন বন্ধুকে নিয়ে গ্রামের মানুষকে সচেতন করে তুলতে বাল্যবিবাহের কুফল সম্পর্কিত দেয়াল লিখন, পোস্টারিং, মিটিংসহ নানা কর্মকাণ্ড পরিচালনা করে। এর ফলে তাদের গ্রামে আস্তে আস্তে বাল্যবিবাহের হার কমে আসে।

২৩. সূচির কর্মকাণ্ডে সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ হয়েছে?
ক) ব্যক্তি সমাজকর্ম  খ) সামাজিক কার্যক্রম
গ) সমষ্টি উন্নয়ন  ঘ) দল সমাজকর্ম

২৪. সূচির কর্মকাণ্ড বৃহত্তর পরিসরে যে ফলাফল বয়ে আনতে পারে—
i. সামাজিক পরিবর্তন
ii. সামাজিক নীতি প্রণয়ন
iii. সামাজিক আইন প্রণয়ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৫. সমাজকর্ম গবেষণার প্রথম ধাপ কোনটি?
ক) সমস্যা নির্বাচন  খ) তথ্য সংগ্রহ
গ) গবেষণার নকশা প্রণয়ন  ঘ) তথ্য বিশ্লেষণ

২৬. শিক্ষানীতি ২০১০ অনুযায়ী প্রাথমিক স্তর নির্ধারণ করা হয়েছে—
ক) পঞ্চম শ্রেণি  খ) সপ্তম শ্রেণি
গ) অষ্টম শ্রেণি  ঘ) নবম শ্রেণি

২৭. বাংলাদেশের ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদকাল হলো—
ক) ১৯৯০-৯৫  খ) ১৯৯৭-২০০২
গ) ২০০২-২০০৭  ঘ) ২০১১-২০১৫

২৮. জাতীয় নারী উন্নয়ন নীতির প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য কী?
ক) নারী পুরুষ সমতা  খ) বাল্যবিবাহ রোধ
গ) নারীর ক্ষমতায়ন
ঘ) নারীকে দক্ষ মানবসম্পদে পরিণত করা

২৯. সময়ের প্রেক্ষিতে পরিকল্পনাকে কয় ভাগে ভাগ করা যায়?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

৩০. বাংলাদেশে সামাজিক সমস্যা বাস্তবায়নে অন্তরায় হলো—
ক) বিশেষজ্ঞ ও সম্পদের অভাব
খ) খামখেয়ালি
গ) দক্ষ সমাজকর্মীর অভাব
ঘ) অসচেতনতা

৩১. পেশাদার সমাজকর্মী তৈরির জন্য এ দেশে তিন মাসমেয়াদি প্রশিক্ষণ কোর্স চালু হয় কবে?
ক) ১৯৫২  খ) ১৯৫৩
গ) ১৯৫৪  ঘ) ১৯৫৫

৩২. ঢাকা প্রজেক্ট চালু হয় কবে?
ক) ১৯৫৩ সালে  খ) ১৯৫৪ সালে
গ) ১৯৫৫ সালে  ঘ) ১৯৫৬ সালে

৩৩. বাংলাদেশের সর্ববৃহৎ সরকারি সমাজসেবা কর্মসূচি কোনটি?
ক) শহর সমাজসেবা  খ) হাসপাতাল সমাজসেবা
গ) ব্র্যাক  ঘ) গ্রামীণ সমাজসেবা

৩৪. সমাজকল্যাণের উৎপত্তি বা গোড়াপত্তন হয় কোথায়?
ক) আমেরিকায়  খ) ভারতে
গ) রোমে  ঘ) ইংল্যান্ডে

৩৫. বাংলাদেশে সমাজকর্ম পেশার সম্ভাব্য প্রয়োগক্ষেত্র হলো—
i. প্রবীণ কল্যাণ
ii. বিদ্যালয় সমাজকর্ম
iii. গ্রাম উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

৩৬. BARD-এর পূর্ণরূপ কী?
ক) Bangladesh Rural Development Board
খ) Bangladesh Academy for Rural Development
গ) Bangladesh Academy for Research Development
ঘ) Bangladesh Board of Rural Development

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:
সাইদ একজন সমাজকর্মী হিসেবে সমস্যাগ্রস্ত ব্যক্তির সমস্যা সমাধানের জন্য ব্যক্তি মতামতকে প্রাধান্য দিয়ে তার সুপ্ত ক্ষমতার বিকাশ সাধন এবং প্রাপ্ত সম্পদের ভিত্তিতে স্বাবলম্বী করে তোলে। ফলে ব্যক্তি তার নিজের সমস্যা নিজেই সমাধান করতে সক্ষম হয়।

৩৭. উদ্দীপকে সাইদ সমস্যা সমাধানে সমাজকর্মের কোন পদ্ধতির প্রয়োগ করেছে?
ক) ব্যক্তি সমাজকর্ম  খ) দল সমাজকর্ম
গ) মৌলিক পদ্ধতি  ঘ) সহায়ক পদ্ধতি

৩৮. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিতে কোন নীতির প্রতিফলন ঘটেছে?
ক) গ্রহণ নীতি  খ) ব্যক্তি স্বাতন্ত্রীকরণ নীতি
গ) আত্মনিয়ন্ত্রণ নীতি  ঘ) যোগাযোগ নীতি

৩৯. বর্তমানে বিশ্বব্যাপী সমাজকর্মীদের সর্ববৃহৎ সংগঠন কোনটি?
ক) IFSA  খ) CSWE
গ) NASW  ঘ) COS

৪০. মানুষের আচরণের মানদণ্ড কোনটি?
ক) সামাজিক মূল্যবোধ  খ) ধর্মীয় মূল্যবোধ
গ) রাজনৈতিক মূল্যবোধ  ঘ) সাংস্কৃতিক মূল্যবোধ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ |
| ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com